গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
প্রশাসন-৩ অধিশাখা
ওয়েবসাইট: www.emrd.gov.bd

স্মারক নম্বর: ২৮.২০.০০০০.০২২.৩৫.০০৫.১৪.১৫৬

তারিখ: ১০ চৈত্র ১৪৩০
২৪ মার্চ ২০২৪

বিষয়: **মন্ত্রিপরিষদ সচিব কর্তৃক প্রেরিত আধাসরকারি পত্রের নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণ।**

সূত্র: মন্ত্রিপরিষদ সচিব এর আধাসরকারি পত্র সংখ্যা: ০৪.০০.০০০০.৭১২.০৬.০০৮.২১-২৯, তারিখ: ০৭/০৩/২০২৪।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে মন্ত্রিপরিষদ সচিব মহোদয় কর্তৃক প্রেরিত আধাসরকারি পত্র এতদসঙ্গে প্রেরণ করা হলো। মন্ত্রিপরিষদ সচিব মহোদয় কর্তৃক প্রেরিত আধাসরকারি পত্রের নির্দেশনা অনুযায়ী সচিব-সভায় তাঁর দপ্তর সংশ্লিষ্ট গুরুত্বপূর্ণ সিদ্ধান্তসমূহ দ্রুত বাস্তবায়নের কার্যক্রম গ্রহণ এবং মাননীয় প্রধানমন্ত্রীর সদয় নির্দেশনা ও সিদ্ধান্ত অনুযায়ী প্রযোজ্য ক্ষেত্রে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণপূর্বক এ বিভাগে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: **আধাসরকারি পত্র।**

MMRahman
২৪-৩-২০২৪
এ কে এম মিজানুর রহমান
যুগ্মসচিব
ফোন: ২২৩৩৮৯০৫৮
ইমেইল: jsadmin3@emrd.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):
১) চেয়ারম্যান, চেয়ারম্যান-এর দপ্তর, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন
২) চেয়ারম্যান, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)
৩) মহাপরিচালক (অতিরিক্ত সচিব), খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)
৪) মহাপরিচালক (যুগ্মসচিব), হাইড্রোকার্বন ইউনিট
৫) মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
৬) প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ (অতিরিক্ত দায়িত্ব), প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ এর কার্যালয়, বিস্ফোরক পরিদপ্তর
৭) মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
৮) সচিব, সচিব-এর দপ্তর, বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন

স্মারক নম্বর: ২৮.২০.০০০০.০২২.৩৫.০০৫.১৪.১৫৬/১(৫)

তারিখ: ১০ চৈত্র ১৪৩০
২৪ মার্চ ২০২৪

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):
১) অতিরিক্ত সচিব, অতিরিক্ত সচিবের দপ্তর (প্রশাসন), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
২) অতিরিক্ত সচিব, অতিরিক্ত সচিব (উন্নয়ন), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
৩) অতিরিক্ত সচিব, অতিরিক্ত সচিবের দপ্তর (অপারেশন), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
৪) অতিরিক্ত সচিব, পরিকল্পনা অনুবিভাগ, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
৫) সচিবের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), সচিবের দপ্তর, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

MMRahman
২৪-৩-২০২৪
এ কে এম মিজানুর রহমান
যুগ্মসচিব

জাতীয় সম্পদ গ্যাসের অপচয় রোধ করে

জাতীয় দায়িত্ব পালন করুন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)
বিধি ও শৃঙ্খলা শাখা
www.petrobangla.org.bd

স্মারক নম্বর: ২৮.০২.০০০০.০১১.৩৭০৬২.২৩.১৫২

তারিখ: ১৭ চৈত্র ১৪৩০
৩১ মার্চ ২০২৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

২-৪-২০২৪
মোঃ আমজাদ হোসেন
মহাব্যবস্থাপক (প্রশাসন)
ফোন: +৮৮০২৫৫০১৩৬৮৯
ইমেইল: gm-admin@petrobangla.org.bd

১) পরিচালক (প্রশাসন), বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)
২) পরিচালক (অর্থ), বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)
৩) পরিচালক (পরিকল্পনা), বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)
৪) পরিচালক (অপারেশন এন্ড মাইন্স), বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)
৫) পরিচালক (পিএসসি), বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)
৬) সচিব, সাচিবিক বিভাগ, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)
৭) ব্যবস্থাপনা পরিচালক, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড
৮) ব্যবস্থাপনা পরিচালক, বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
৯) ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড
১০) ব্যবস্থাপনা পরিচালক, কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
১১) ব্যবস্থাপনা পরিচালক, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল)
১২) ব্যবস্থাপনা পরিচালক, মধ্যপাড়া গ্রানাইট মাইনিং কোম্পানী লিমিটেড
১৩) ব্যবস্থাপনা পরিচালক, সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড
১৪) ব্যবস্থাপনা পরিচালক, জালালাবাদ গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড
১৫) ব্যবস্থাপনা পরিচালক, গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড (জিটিসিএল)
১৬) ব্যবস্থাপনা পরিচালক, রূপান্তরিত প্রাকৃতিক গ্যাস কোম্পানী লিমিটেড
১৭) ব্যবস্থাপনা পরিচালক , বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স)
১৮) ব্যবস্থাপনা পরিচালক, তিতাস গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
১৯) ব্যবস্থাপনা পরিচালক, সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড

স্মারক নম্বর: ২৮.০২.০০০০.০১১.৩৭০৬২.২৩.১৫২/১

তারিখ: ১৭ চৈত্র ১৪৩০
৩১ মার্চ ২০২৪

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) চেয়ারম্যান-এর একান্ত সচিব, চেয়ারম্যান-এর দপ্তর, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)

২-৪-২০২৪
মোঃ আমজাদ হোসেন

মহাব্যবস্থাপক (প্রশাসন)

বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানী)

পার্সোনেল শাখা

তারিখ: ২৩ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ
০৬ এপ্রিল ২০২৪ খ্রিস্টাব্দ

**স্মারক নম্বর:** ২৮.১০.১২১৩.০৩৩.৪০.০০০.২৪.১২৩

পেট্রোবাংলার স্মারক নম্বর: ২৮.০২.০০০০.০১১.৩৭.০৬২.২৩.১৫২ তারিখ: ৩১.০৩.২০২৪ এবং জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের স্মারক নম্বর: ২৮.২০.০০০০.০২২.৩৫.০০৫.১৪.১৫৬ তারিখ: ২৪.০৩.২০২৪ এর মাধ্যমে প্রেরিত মন্ত্রিপরিষদ সচিব এর আধাসরকারি পত্র সংখ্যা-০৪.০০.০০০০.৭১২.০৬.০০৮.২১-২৯ তারিখ: ০৭.০৩.২০২৪ কোম্পানির সকল স্তরের কর্মকর্তা-কর্মচারীদের সদয় অবগতি এবং প্রযোজ্য ক্ষেত্রে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পৃষ্ঠাঙ্কনপূর্বক প্রেরণ করা হলো।

০২। বিষয়টি অধিনস্ত কর্মকর্তা-কর্মচারীগণকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: আধাসরকারি পত্র।

০৬-০৪-২০২৪
মোঃ হাবীবুর রহমান
মহাব্যবস্থাপক (প্রশাসন)

বিতরণ:

১। সকল মহাব্যবস্থাপক;
২। সকল উপমহাব্যবস্থাপক ও প্রকল্প পরিচালক, বিজিএফসিএল-অধিনস্ত কর্মকর্তা-কর্মচারীগণকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো;
৩। ব্যবস্থাপক (সকল), বিজিএফসিএল-অধিনস্ত কর্মকর্তা-কর্মচারীগণকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো;
৪। ফিল্ড ইনচার্জ, কামতা ফিল্ড, বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড এবং
৫। সহকারী কারিগরি কর্মকর্তা, সিলিমপুর প্লান্ট, বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড।

তারিখ: ২৩ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ
০৬ এপ্রিল ২০২৪ খ্রিস্টাব্দ

**স্মারক নম্বর:** ২৮.১০.১২১৩.০৩৩.৪০.০০০.২৪.১২৩/১ (১)

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে:**

১। ব্যবস্থাপনা পরিচালক (চলতি দায়িত্ব), ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড।

০৬-০৪-২০২৪
মোঃ সাইফুল ইসলাম
উপমহাব্যবস্থাপক (প্রশাসন)

জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
সচিবের দপ্তর
ডায়েরি নং ৪০
তারিখ: 12 MAR 2024
অতিরিক্ত সচিব (প্রশাসন)
অতিরিক্ত সচিব (উন্নয়ন)
অতিরিক্ত সচিব (অপারেশন)
অতিরিক্ত সচিব (পরিকল্পনা)
যুগ্মসচিব (প্রশা:/অপা:/উন্ন:/পরি:)
পিএস
সচিব

অতিরিক্ত সচিব (প্রশাসন)
যুগ্ম-সচিব (প্রশাসন)
উপসচিব (প্রশাসন-১/২/৩)/বাজেট
ব্যক্তিগত কর্মকর্তা
ডায়েরী নং ৫০৭
তাং ১৩/৩/২৪
অতিরিক্ত সচিব (প্রশাসন)

মোঃ মাহবুব হোসেন
মন্ত্রিপরিষদ সচিব
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ফোন: +৮৮০২-২২৩৩৮৬৫৫৮
ফ্যাক্স: +৮৮০২-২২৩৩৮৬৫৫৯
ই-মেইল: cab_secy@cabinet.gov.bd

আধাসরকারি পত্রসংখ্যা-০৪.০০.০০০০.৭১২.০৬.০০৮.২১-২৯ তারিখঃ ২৩ ফাল্গুন ১৪৩০/০৭ মার্চ ২০২৪

**প্রিয় সহকর্মী,**

যুগ্মসচিব (প্রশাসন) এর দপ্তর
যুগ্মসচিব (প্রশাসন)-১/২/৩
উপসচিব (প্রশাসন)-১/২/৩
সিঃ সহঃ সচিব (প্রশাসন)-১/২/৩
উপসচিব (বাজেট)
আইসিটি শাখা
ডায়েরী নং ৫৩৬
তারিখ ২০/৩/২৪
যুগ্মসচিব (প্রশাসন)

গত ০৫ ফেব্রুয়ারি ২০২৪ তারিখে মাননীয় প্রধানমন্ত্রীর উপস্থিতিতে অনুষ্ঠিত সচিব-সভায় মাননীয় প্রধানমন্ত্রী সচিবগণের উদ্দেশে দিক-নির্দেশনামূলক বক্তব্য প্রদান করেন। মাননীয় প্রধানমন্ত্রীর অনুশাসন, নির্দেশনা ও সিদ্ধান্তসমূহ সংক্ষেপে নিম্নরূপ:

১। সর্বোচ্চ অগ্রাধিকার ভিত্তিতে নির্বাচনী ইশতেহার বাস্তবায়নে নিজ নিজ মন্ত্রণালয়/বিভাগের কার্যক্রম চিহ্নিত করে কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন করতে হবে। এ কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি নিয়মিত পরিবীক্ষণ করতে হবে;

২। স্মার্ট বাংলাদেশ বিনির্মাণের ৪টি স্তম্ভ, যথা: স্মার্ট নাগরিক, স্মার্ট অর্থনীতি, স্মার্ট সরকার এবং স্মার্ট সমাজ গঠন নিশ্চিত করতে নিজ নিজ মন্ত্রণালয়/বিভাগের করণীয় চিহ্নিত করে সময়াবদ্ধ কর্মপরিকল্পনা গ্রহণপূর্বক তা বাস্তবায়ন করতে হবে;

৩। জাতীয় সংসদের কার্যক্রমে যথাযথভাবে সহায়তা করতে হবে। আইন-প্রণয়ন পদ্ধতি ও সংসদের কার্যপ্রণালী ইত্যাদি প্রশিক্ষণে অন্তর্ভুক্ত করতে হবে। মন্ত্রণালয় সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর যথাযথভাবে প্রণয়ন করতে হবে এবং প্রশ্নোত্তর পর্বে সংসদে মন্ত্রণালয়ের প্রতিনিধির উপস্থিতি নিশ্চিত করতে হবে;

৪। মূল্যস্ফীতি হ্রাসে সর্বাত্মক প্রচেষ্টা নিতে হবে। মূল্যস্ফীতির হার যেন প্রবৃদ্ধির হারের নিচে থাকে সে লক্ষ্যে সমন্বিত কার্যক্রম গ্রহণ করতে হবে;

৫। নিত্য প্রয়োজনীয় পণ্যের সরবরাহ পরিস্থিতি এবং বাজার ব্যবস্থা নিয়মিত পরিবীক্ষণ করতে হবে এবং সমন্বিতভাবে এ বিষয়ে কাজ করতে হবে। পণ্য পরিবহনের পথে চাঁদাবাজি বন্ধে দৃঢ় পদক্ষেপ গ্রহণ করতে হবে;

৬। রাজস্ব আদায়ের পরিমাণ বৃদ্ধি কল্পে করজাল (ট্যাক্স নেট) সম্প্রসারণ করতে হবে। কেউ যেন কর ফাঁকি দিতে না পারে সে ব্যবস্থা গ্রহণ করতে হবে;

৭। বিভিন্ন স্থলবন্দর এবং সমুদ্রবন্দরগুলিকে অটোমেশন করতে হবে। কর/ভ্যাট/শুল্ক ফাঁকি দেয়ার সব ধরনের অপচেষ্টা বন্ধ করতে হবে;

৮। বিনিয়োগ বৃদ্ধির অনুকূল পরিস্থিতি তৈরি হয়েছে। বিদেশি বিনিয়োগকারীগণ যেন সহযোগিতার অভাবে ফিরে না যায় তা নিশ্চিত করতে হবে। বিনিয়োগ প্রক্রিয়া সহজতর করতে হবে এবং কোনো প্রতিকূলতা থাকলে দূর করতে হবে;

৯। সরকারি ব্যয়ে মিতব্যয়ী হতে হবে। বৈদেশিক মুদ্রা যেন অযথা ব্যয় না হয় সেদিকে খেয়াল রাখতে হবে;

১০। যে সকল প্রকল্প অল্প ব্যয় করলেই সমাপ্ত হয়ে যাবে, সেগুলোতে দ্রুত বরাদ্দ দিয়ে বাস্তবায়ন সম্পন্ন করে ফেলতে হবে;

১১। উন্নয়ন অর্থ কেবল অবকাঠামোগত উন্নয়নই নয়। সাধারণ মানুষের জীবনমান উন্নত হওয়াই হলো প্রকৃত উন্নয়ন। প্রকল্প নির্বাচনের ক্ষেত্রে সাধারণ মানুষের কতটা উপকারে আসবে বা কী সুফল পাওয়া যাবে তা বিবেচনায় নিতে হবে। এ ছাড়া প্রকল্প থেকে কখন সুফল আসবে তাও বিবেচনায় রাখতে হবে। অপ্রয়োজনীয় প্রকল্প গ্রহণ পরিহার করতে হবে। অহেতুক ব্যয়বহুল প্রকল্প গ্রহণ করা যাবে না;

১২। যেসব অবকাঠামো তৈরি হয়েছে বা যেসকল উন্নয়ন সাধিত হয়েছে সেগুলো যেন টেকসই হয় সে বিষয়ে পদক্ষেপ গ্রহণ করতে হবে;

১৩। অতিদারিদ্র্যের হার শূন্যে নামিয়ে আনতে হবে;

১৪। আশ্রয়ণ প্রকল্পে যাদেরকে ঘর করে দেয়া হয়েছে তাদের কর্মসংস্থানের ব্যবস্থা করতে হবে;

১৫। রপ্তানি বহুমুখীকরণের লক্ষ্যে আসবাবপত্র, পাটজাত দ্রব্য, চামড়া, হস্ত/কারুশিল্পকে গার্মেন্টস এর ন্যায় সুযোগ-সুবিধা দিতে হবে;

ডায়েরি নং
তারিখ ২৪/৩/২৪
প্রশাসনিক কর্মকর্তা (প্রশাসন-১/২)
উপসচিব/ সিঃ সঃ সচিব
(প্রশাসন-১ অধিশাখা)

ডায়েরি নং ৭৩৮
তারিখ ঃ ২৪/৩/২৪
প্রশাসনিক কর্মকর্তা (প্রশাসন-৩)

১৬। রপ্তানি বহুমুখীকরণ ও নতুন বাজার খুঁজতে হবে। আফ্রিকা, মধ্যপ্রাচ্য, পূর্ব-এশিয়া, পূর্ব-ইউরোপ, , জাপান, কোরিয়া, ইত্যাদি অঞ্চল বা দেশে রপ্তানি বৃদ্ধির উদ্যোগ নিতে হবে;

১৭। জুট জেনোম আবিষ্কার হওয়ায় পাটের বহুমুখী ব্যবহারের সুযোগ সৃষ্টি হয়েছে। এ সুযোগ কাজে লাগিয়ে পাটের বহুমুখী ব্যবহার এবং পাট ও পাটজাত পণ্যের উৎপাদন বৃদ্ধি করতে হবে;

১৮। খাদ্য উৎপাদন বৃদ্ধি করতে হবে। অনাবাদি জমি চাষের আওতায় আনতে হবে। বিশেষ করে চরাঞ্চলে বাদাম, সর্ষে ইত্যাদির চাষ করতে হবে। অভ্যন্তরীণ উৎপাদন বাড়িয়ে ভোজ্য তেলের আমদানি কমাতে হবে। মধ্যপ্রাচ্যে তিলের ব্যাপক চাহিদা রয়েছে। তিল চাষ বৃদ্ধি করতে পারলে রপ্তানির সুযোগ পাওয়া যেতে পারে;

১৯। কোনো অবস্থাতেই যেন তিন ফসলী জমি নষ্ট না হয় সেদিকে খেয়াল রাখতে হবে;

২০। খাদ্য, সবজি এবং অন্যান্য কৃষিজাত পণ্য সংরক্ষণ ব্যবস্থা উন্নত করতে হবে। খাদ্য প্রক্রিয়াকরণ শিল্পকে সহায়তা করতে হবে;

২১। বিদ্যুৎ ও জ্বালানি ব্যবহারে মিতব্যয়ী হতে হবে। সেচযন্ত্র, শিক্ষাপ্রতিষ্ঠান এবং প্রযোজ্যক্ষেত্রে শিল্পকারখানায় সৌর বিদ্যুৎ ব্যবহার করতে হবে;

২২। কারিগরি শিক্ষার উপর গুরুত্ব দিতে হবে। বিশেষ করে সার্ভিস সেক্টরে সার্টিফিকেট কোর্সসহ মানসম্মত প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে। যুগের পরিবর্তন ও প্রযুক্তির পরিবর্তনের সাথে তাল মিলিয়ে দক্ষ জনশক্তি গড়ে তুলতে হবে;

২৩। বইমেলাকে ক্রমান্বয়ে উপজেলা পর্যন্ত বিস্তৃত করতে হবে;

২৪। আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখতে হবে। কিশোর গ্যাং এবং ছিনতাই নিয়ন্ত্রণে প্রয়োজনে কমিটি গঠন করে ব্যবস্থা নিতে হবে। শিশু-কিশোররা নিয়মিত শিক্ষাপ্রতিষ্ঠানে যাচ্ছে কি না তা পরিবীক্ষণ করতে হবে;

২৫। সুপ্রিম কোর্টের রায়ের আলোকে সামরিক শাসনে জারি করা অধ্যাদেশগুলোর মধ্যে যে ১৬টির এখনো বিযুক্তিকরণ সম্পন্ন হয়নি সেগুলো দ্রুত বিযুক্তিকরণ করতে হবে;

২৬। শুন্য পদে নিয়োগের দ্রুত পদক্ষেপ নিতে হবে। এ ছাড়া নিয়মিত পদোন্নতি নিশ্চিত করতে হবে। পদোন্নতির সময় নারী কর্মকর্তাগণ যেন অন্যায়ভাবে বঞ্চিত না হন সেদিকে দৃষ্টি রাখতে হবে;

২৭। জলাধার সংরক্ষণ ও সংস্কার করতে হবে। উন্নয়ন কর্মকান্ড বা অন্য কোনো কারণে নদীর প্রবাহ বাধাগ্রস্ত করা যাবে না;

২৮। সেচের কাজে ভূ-গর্ভস্থ পানির বদলে ভূ-পৃষ্ঠের পানি ব্যবহার বৃদ্ধি করতে হবে;

২৯। সুনীল অর্থনীতির আওতায় সমন্বিতভাবে সমুদ্রের সম্পদ আহরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে;

৩০। পর্যটন বিকাশে সমন্বিতভাবে কাজ করতে হবে;

৩১। দুর্নীতির বিরুদ্ধে জিরো টলারেন্স দেখাতে হবে। দুর্নীতি দমন শুধু দুর্নীতি দমন কমিশনের একার কাজ নয়। এ বিষয়ে মন্ত্রণালয়/বিভাগগুলোকে যথাযথ ভূমিকা পালন করতে হবে;

৩২। সরকারি সকল সেবা অনলাইনভিত্তিক করতে হবে;

৩৩। প্রথাগত আমলাতান্ত্রিক জটিলতাকে অতিক্রম করে সংবেদনশীল ও জনমুখী প্রশাসন গড়ে তুলতে হবে;

৩৪। সচিবগণকে আত্মপ্রত্যয়, আত্মমর্যাদা ও আত্মবিশ্বাস নিয়ে কাজ করতে হবে।

মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত নির্দেশনা ও সিদ্ধান্তসমূহের প্রতি আপনার ব্যক্তিগত মনোযোগ আকর্ষণ করছি। মাননীয় প্রধানমন্ত্রীর সদয় নির্দেশনা ও সিদ্ধান্ত অনুযায়ী প্রযোজ্য ক্ষেত্রে আপনার মন্ত্রণালয়/বিভাগ হতে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণপূর্বক আমাকে অবহিত করার জন্য আপনাকে অনুরোধ জানাচ্ছি।

**শুভেচ্ছান্তে,**

আন্তরিকভাবে আপনার,

(মোঃ মাহবুব হোসেন)

জনাব মোঃ নূরুল আলম
সচিব
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ